# Times Today BD

আল কারিয়া চৌধুরী | খুলনা | 19 April, 2025

জয়পুরহাটের পাঁচবিবি উপজেলার চাঁনপাড়া বাজার এলাকায় একটি সোনার দোকানে নিজেদের ডিবি পুলিশ পরিচয় দিয়ে তল্লাশির নামে টাকা দাবি করায় দুজনকে আটক করে রাখে স্থানীয় জনতা।পরে পুলিশে খবর দিলে তারা এসে দুজন ভুয়া ডিবি পুলিশকে উদ্ধার করে থানায় নিয়ে যান।শনিবার (১৯ এপ্রিল) উপজেলার চাঁনপাড়া বাজারের তানিসা জুয়েলার্সে এই ঘটনা ঘটে।

আটক দুজন ভুয়া ডিবি পুলিশ হলেন, নওগাঁ জেলার আত্রাই উপজেলার কালিকাপুর গ্রামের তৈয়ব সরকারের ছেলে সাগর( ৩০) ও নওগাঁ সদর উপজেলার জগত সিংহপুর গ্রামের গোলাম মোস্তফার ছেলে ইমরান (২১)।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাযায়, দুপুরের দিকে দুজন ব্যাক্তি উপজেলার চাঁনপাড়া বাজারের তানিসা জুয়েলার্স নামের একটি সোনার দোকানে গিয়ে তারা নিজেদের ডিবি পুলিশ পরিচয় প্রদান করেন।এরপর তারা দোকানের মালিকের কাছে বিভিন্ন ধরনের কাগজপত্র চেয়ে তল্লাশি করতে থাকেন।এসময় দোকান মালিকের কাছ থেকে টাকা দাবি করেন।এদিকে সোনার দোকানে ঢুকে ডিবি পুলিশ পরিচয়ে তল্লাশির ঘটনা স্থানীয়দের কাছে সন্দেহ মনে হলে তারা পুলিশ খবর দেয় এবং দোকানেই তাদের আটক করে রাখে।পরে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাদের উদ্ধার করে থানায় নিয়ে যান।

পাঁচবিবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো.মইনুল ইসলাম বলেন, দুজন ব্যাক্তি তারা নিজেদের ডিবি পুলিশ পরিচয় দিয়ে পাঁচবিবি উপজেলার চাঁনপাড়া বাজারে একটি সোনার

দোকানে তল্লাশি করছিলেন।সেসময় ওই দোকানে স্থানীয় একজন জনপ্রতিনিধিও ছিলেন।ডিবি পরিচয় দেওয়া দুজন ব্যাক্তি ওই জনপ্রতিনিধিকে দোকান থেকে বের করে দিলে বিষয়টি সন্দেহজনক মনে উনি পুলিশকে বিষয়টি জানায়।পরে আমরা তাৎক্ষণিক বিষয়টি জেলা ডিবি পুলিশের সঙ্গে যোগাযোগ করি যে, তাদের কোনো টিম সেখানে পাঠানো হয়েছে কি না।পরে জানতে পারি যে, ডিবির কোনো সদস্য সেখানে যাননি।তখন দ্রুত ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে তাদের আটক করে থানায় নিয়ে আসা হয়।এঘটনায় থানায় মামলার প্রস্তুতি চলছে।

পুলিশ ডিবি আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: https://www.timestodaybd.com/khulna/6742321076